

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৯০০.০৭.০০২.২০.৮১

তারিখ: ৯ ভাদ্র ১৪২৯

২৪ আগস্ট ২০২২

বিষয়: গ্রামীনফোন মোবাইল অপারেটরের মাধ্যমে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ইন্টারনেট ব্যবহার সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর আওতায় ৪১০০০ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জন্য গ্রামীন ফোনের ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে এবং প্রতিটি বিদ্যালয়ে এক মাসে ৪০০ টাকার প্যাকেজে ২০ জিবি ডাটা সরবরাহ করা হচ্ছে। প্রতিটি বিদ্যালয়ে ১টি ওয়াই-ফাই রাউটারের মাধ্যমে এ ইন্টারনেট সংযোগ সর্বোচ্চ ১০ জন শেয়ার করে ব্যবহার করতে পারে।

বিদ্যালয়ের ইন্টারনেট সংযোগ মনিটরিং করার জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে ১টি ড্যাসবোর্ড রয়েছে। উক্ত ড্যাসবোর্ড হতে বিদ্যালয়গুলির ইন্টারনেট ব্যবহারের স্ট্যাটাস তারিখ অনুযায়ী দেখা যায়। ড্যাসবোর্ডটি পর্যবেক্ষণ করে দেখা যাচ্ছে কিছু কিছু বিদ্যালয়ে ডাটার ব্যবহার কম হচ্ছে পাশাপাশি কিছু কিছু বিদ্যালয়ে অল্প দিনের মধ্যে ২০ জিবি ডাটা শেষ হয়ে যাচ্ছে। যেসকল বিদ্যালয় অল্প দিনে ২০ জিবি ডাটা শেষ করে ফেলছে সেসকল বিদ্যালয়কে ইন্টারনেট পেতে পরবর্তী মাস পর্যন্ত অপেক্ষা করতে হয়। যেসকল বিদ্যালয় মাসের মধ্যে ২০ জিবি ডাটা শেষ করতে পারছে না সেসকল বিদ্যালয়ের অবশিষ্ট ডাটা ক্যারীওভার হয়ে পরবর্তী মাসে যুক্ত হচ্ছে।

এছাড়া আরো পর্যবেক্ষণে দেখা যাচ্ছে যে, বিদ্যালয়ের শিখন-শেখানো কার্যক্রমের বাইরে ফেসবুক, হোয়াটসঅ্যাপ ও ইউটিউব ব্যক্তিগত ডিভাইজে ব্যবহার করে দ্রুত ডাটা শেষ করা হচ্ছে, যা ড্যাসবোর্ডে প্রদর্শিত হচ্ছে। যে সকল বিদ্যালয়ে শিখন-শেখানো কার্যক্রমের বাইরে ফেসবুক, হোয়াটসঅ্যাপ, ইউটিউব বা অন্যকোন সোশ্যাল মিডিয়া ব্যবহার করে ডাটা ব্যবহার করা হচ্ছে সেসকল বিদ্যালয়ে তালিকা ড্যাসবোর্ড হতে সংগ্রহ করে তালিকা প্রস্তুত করা হচ্ছে এবং এসকল বিদ্যালয়ের প্রধান শিক্ষককে জবাবদিহিতার আওতায় আনা হবে। অহেতুক ডাটা ব্যবহারের সকল দায়-দায়িত্ব সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষককে বহন করতে হবে।

এমতাবস্থায়, ইন্টারনেট সংযোগপ্রাপ্ত বিদ্যালয়ে প্রতি মাসে প্রাপ্ত ২০জিবি ডাটা সুনির্দিষ্টভাবে শিখন-শেখানো কার্যক্রমে যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের জন্য বিশেষভাবে নির্দেশ প্রদান করা হলো।

২৪-৮-২০২২

মোঃ মুহিবুর রহমান

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফ্যাক্স: 02-9038122

উপজেলা শিক্ষা অফিসার (সকল)।

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৯০০.০৭.০০২.২০.৮১/১(৭৩)

তারিখ: ৯ ভাদ্র ১৪২৯

২৪ আগস্ট ২০২২

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ২) উপপরিচালক, ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম। (বিষয়টি সার্বিক মনিটরিং করার অনুরোধসহ)
- ৩) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল) (বিষয়টি সার্বিক মনিটরিং করার অনুরোধসহ)



২৪-৮-২০২২

অনুজ কুমার রায়

সিনিয়র সিস্টেম এনালিস্ট (চলতি দায়িত্ব)